



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা  
www.cabinet.gov.bd



নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.৩৭

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৭  
১৪ জুলাই ২০২০

**প্রজ্ঞাপন**

বিভাগীয় পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর যথাযথ বাস্তবায়নে সার্বিক কার্যক্রমের সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপ 'এপিএ সংক্রান্ত বিভাগীয় কমিটি' গঠন করা হয়েছে:

**(ক) কমিটির গঠন:**

- ১) বিভাগীয় কমিশনার - সভাপতি
- ২) উপ-মহা পুলিশ পরিদর্শক - সদস্য
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর - সদস্য
- ৪) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) - সদস্য
- ৫) জেলা প্রশাসক (বিভাগীয় জেলা) - সদস্য
- ৬) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর - সদস্য
- ৭) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় - সদস্য
- ৮) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - সদস্য
- ৯) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) - সদস্য সচিব

**(খ) কমিটির কার্যপরিধি:**

- ১) বিভাগীয় পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের এপিএ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- ২) এপিএ বাস্তবায়নে বিভাগীয় পর্যায়ের বিভিন্ন অফিসের কর্মকাণ্ডে প্রয়োজনে সমন্বয় সাধন;
- ৩) মাঠ পর্যায়ের অফিসসমূহের এপিএ বাস্তবায়নে সমস্যা ও সম্ভাবনার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিতকরণ;
- ৪) জেলা পর্যায়ের এপিএ কমিটির কার্যক্রমের তদারকিকরণ;
- ৫) এপিএ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন।

(গ) কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে এক বার সভায় মিলিত হবে।

(ঘ) প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪-৭-২০২০

মুহাম্মাদ সাইফুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৪১০৫০১১১  
ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmpc\_sec@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.৩৭/১(১২৮)

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৭  
১৪ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৮) সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)